বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd, info@bmeb.gov.bd

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৮৮১

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩ / ২৬ অক্টোবর ২০২৬

বিষয়: নতুন কুঁড়ি ২০২৬ প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭১; তারিখ: ২৫.১০.২০২৬
(২) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আধা-সরকারি পত্র নম্বর: ১৫.০০.০০০০.০২৪.২২.০০৩.১৫-৯১৩; তারিখ: ১১.১০.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ ও দেশের সংস্কৃতি বিকাশের লক্ষ্যে ১৯৭৬ সালে প্রবর্তিত বাংলাদেশ টেলিভিশনের ঐতিহ্যবাহী সিগনেচার প্রোগ্রাম 'নতুন কুঁড়ি' ২০২৬ প্রতিযোগিতা শুরু হতে যাচ্ছে। এ প্রতিযোগিতাটি ০৬ থেকে ১৫ বছরের শিশু-কিশোরদের নিয়ে আঞ্চলিক (১৮টি জেলা), বিভাগীয় (০৮টি বিভাগ), চূড়ান্ত বাছাই ও ফাইনাল-এই চার পর্বে অনুষ্ঠিত হবে।

০২। গত ০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে 'নতুন কুঁড়ি' ২০২৬-এর আবেদন গ্রহণ শুরু হয়েছে। প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নির্বিঘ্ন রাখার স্বার্থে সময়সূচি প্রস্তুতে বার্ষিক পরীক্ষার বিষয়টিকে বিবেচনায় রাখা হয়েছে।

০৩। এমতাবস্থায়, নতুন কুঁড়ি' ২০২৬ প্রতিযোগিতায় মাদ্রাসা পর্যায়ের শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং প্রতিযোগিতাটি সফলভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬/১০/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৬(অংশ-১)-৮৮১(১৩)

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩ / ২৬ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
৪. বিভাগীয় কমিশনার (সকল);
৫. জেলা প্রশাসক (সকল);
৬. উপ-সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৯. জেলা শিক্ষা অফিসার (সকল);
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১১. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৩. অফিস কপি।

২৬.১০.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭১

তারিখ: ৯ কার্তিক ১৪৩৩ / ২৫ অক্টোবর ২০২৬

বিষয়: নতুন কুড়ি ২০২৬ প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ সংক্রান্ত

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আধা-সরকারি পত্র নম্বর: ১৫.০০.০০০০.০২৪.২২.০০৩.১৫-৯১৩; তারিখ: ১১ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান কর্তৃক ১৯৭৬ সালে প্রবর্তিত নতুন কুঁড়ি অনুষ্ঠানটি দেশের প্রত্যন্ত এলাকাসহ পৃথক পৃথক বৈশিষ্ট্যপূর্ণ সকল অঞ্চলের শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ ও দেশের সংস্কৃতি বিকাশে বিশেষ ভূমিকা রেখে আসছে। নতুন কুঁড়ি প্রতিযোগিতার বাছাই প্রক্রিয়া আঞ্চলিক, বিভাগীয়, চূড়ান্ত বাছাই ও ফাইনাল এই চার পর্বে অনুষ্ঠিত হবে। আঞ্চলিক বাছাই পর্ব দেশের ১৮ জেলায় এবং বিভাগীয় বাছাই পর্ব ০৮ বিভাগে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতাটি ০৬ থেকে ১৫ বছরের শিশু-কিশোরদের নিয়ে অনুষ্ঠিত হয়ে থাকে। তাই ১ অক্টোবর ২০২৬ থেকে 'নতুন কুঁড়ি' ২০২৬ এর আবেদন গ্রহণ শুরু হয়েছে। প্রতিযোগিতামূলক অনুষ্ঠানটি সফল সার্বিক সহযোগিতা প্রদানের জন্য এ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, নতুন কুড়ি' ২০২৬ এ প্রতিযোগিতমূলক অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের ব্যাপক অংশগ্রহণ ও অনুষ্ঠান বাস্তবায়নে এ বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণসহ শিক্ষকমন্ডলীর সার্বিক সহযোগিতা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র.

সংযুক্তিঃ
(১) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র

২৫-১০-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক [যুগ্মসচিব] ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৭১/১ (৪)

তারিখ: ৯ কার্তিক ১৪৩৩ / ২৫ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর [দৃ:আ: সচিবের একান্ত সচিব] , তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। অফিস , কপি।

২৫-১০-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

আধা-সরকারি পত্র নম্বর: ১৫.০০.০০০০.০২৪.২২.০০৩.১৫-**৯১৩**

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

সুপ্রিয় সহকর্মী

আন্তরিক শুভেচ্ছা।

অতীব আনন্দের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ টেলিভিশনের সিগনেচার প্রোগ্রাম নতুন কুঁড়ি, ২০২৬ শুরু হতে যাচ্ছে। আপনি অবগত আছেন যে, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান কর্তৃক ১৯৭৬ সালে প্রবর্তিত এ অনুষ্ঠানটি দেশের প্রত্যন্ত এলাকাসহ পৃথক পৃথক বৈশিষ্ট্যপূর্ণ সকল অঞ্চলের শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ ও দেশের সংস্কৃতি বিকাশে বিশেষ ভূমিকা রেখে আসছে। 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতার বাছাই প্রক্রিয়া আঞ্চলিক, বিভাগীয়, চূড়ান্ত বাছাই ও ফাইনাল এই চার পর্বে অনুষ্ঠিত হবে। আঞ্চলিক বাছাই পর্ব দেশের ১৮ জেলায় এবং বিভাগীয় বাছাই পর্ব ০৮ বিভাগে অনুষ্ঠিত হবে। 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতাটি ০৬ থেকে ১৫ বছরের শিশু-কিশোরদের নিয়ে অনুষ্ঠিত হয়ে থাকে। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নির্বিঘ্ন রাখার স্বার্থে সময়সূচি প্রস্তুতে বার্ষিক পরীক্ষার বিষয়টি বিবেচনা করা হয়েছে। 'নতুন কুঁড়ি' অনুষ্ঠান নতুন প্রজন্মের শিশু কিশোরদের নিজস্ব সংস্কৃতিতে বিকশিত হওয়ার সুযোগ সৃষ্টি করে দেয় বিধায় ছাত্র-ছাত্রীদের মধ্যে এ প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহ উদ্দীপনা সৃষ্টিতে শিক্ষকমন্ডলীর অবদান সর্বাগ্রে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ দেশের শিল্প-সংস্কৃতির নান্দনিক ও কার্যকর বিকাশে প্রভূত অবদান রেখে আসছে। 'নতুন কুঁড়ি' যেহেতু শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ ও বিকাশে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একটি অনন্য উদ্যোগ, সেহেতু এ অনুষ্ঠানটির সফল বাস্তবায়নে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সার্বিক সহযোগিতা অনস্বীকার্য।

০১ অক্টোবর ২০২৬ থেকে 'নতুন কুঁড়ি' ২০২৬ এর আবেদন গ্রহণ শুরু হয়েছে। এ প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের ব্যাপক অংশগ্রহণ ও অনুষ্ঠান বাস্তবায়নে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণসহ শিক্ষকমন্ডলীর সার্বিক সহযোগিতা প্রদানে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আবেদন প্রক্রিয়া ও অডিশন সম্পর্কিত তথ্যাদি।

শুভেচ্ছান্তে,

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়



জনাব মোঃ দাউদ মিয়া এনডিসি
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



ফোন: +৮৮-০২-২২৩৩৫৬৬১৮ (অফিস), ফ্যাক্স: +৮৮-০২-২২৩৩৫৬৬১৭, ই-মেইল: secretary@moi.gov.bd, ওয়েব: www.moi.gov.bd
ভবন নং- ৪ (৯ম তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

২৭৯

বাংলাদেশ টেলিভিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অনুষ্ঠান প্রবাহ
নতুন কুঁড়ি ২০২৬

পুরস্কার বিতরণী (১৫ জুন ২০২৭; ঢাকা কেন্দ্র) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী
(২ জন শ্রেষ্ঠ শিশুশিল্পী, প্রতি শাখার প্রতি বিষয়ে ১ জন করে ১ম স্থান, ২য় স্থান ও ৩য় স্থান)

↑

গ্র্যান্ড ফিনালে: ঢাকা কেন্দ্র (৫×১৭×২)
(২২ মে ২০২৭ থেকে ০২ জুন ২০২৭)

↑

[illegible]: ঢাকা কেন্দ্র ([illegible])
([illegible])

↑

জাতীয় বাছাই ([illegible] রাউন্ড): ঢাকা কেন্দ্র ([illegible])
([illegible] থেকে ২০ এপ্রিল [illegible])

↑

জাতীয় বাছাই ([illegible] রাউন্ড): ঢাকা কেন্দ্র (প্রতি বিষয় [illegible])
([illegible] ২০২৭ থেকে ২৫ মার্চ [illegible])

↑

বিভাগীয় বাছাই (Yes Card প্রাপ্ত সকল প্রতিযোগী)
(১৫ জানুয়ারি ২০২৭ থেকে ২২ জানুয়ারি ২০২৭)

- ঢাকা
- ময়মনসিংহ
- রংপুর
- রাজশাহী

বিভাগীয় বাছাই (Yes Card প্রাপ্ত সকল প্রতিযোগী)
([illegible] জানুয়ারি ২০২৭ থেকে [illegible] ফেব্রুয়ারি ২০২৭)

- চট্টগ্রাম
- খুলনা
- বরিশাল
- সিলেট

↑

আঞ্চলিক বাছাই (০৯টি অঞ্চল) (সকল আবেদনকারী)
(১৭ ডিসেম্বর ২০২৬ থেকে ২৪ ডিসেম্বর ২০২৬)

- ঢাকা-১ (ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন)
- ঢাকা-২ (ঢাকা জেলার সকল উপজেলা এবং মুন্সীগঞ্জ, [illegible] ও মানিকগঞ্জ)
- ঢাকা-৩ (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাধারীপুর ও শরীয়তপুর)
- ঢাকা-৪ (গাজীপুর, মানিকগঞ্জ, টাঙ্গাইল ও কিশোরগঞ্জ)
- ময়মনসিংহ (ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা ও আমালপুর)
- রংপুর-১ (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা)
- রংপুর-২ (ঠাকুরগাঁও, পঞ্চগড় ও দিনাজপুর)
- রাজশাহী-১ (রাজশাহী, নাটোর, চাপাইনবাবগঞ্জ ও পাবনা)
- রাজশাহী-২ (বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ)

আঞ্চলিক বাছাই (০৯টি অঞ্চল) (সকল আবেদনকারী)
([illegible] ডিসেম্বর ২০২৬ থেকে ০৬ জানুয়ারি ২০২৭)

- চট্টগ্রাম-১ (চট্টগ্রাম ও কক্সবাজার)
- চট্টগ্রাম-২ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)
- চট্টগ্রাম-৩ (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর)
- চট্টগ্রাম-৪ (নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী)
- খুলনা-১ (খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা)
- খুলনা-২ (যশোর, মাগুরা, নড়াইল ও ঝিনাইদহ)
- খুলনা-৩ (কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা)
- বরিশাল (বরিশাল, ঝরগুনা, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও ঝালকাঠি)
- সিলেট (সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ)

↑

আবেদন গ্রহণ
(০১ অক্টোবর ২০২৬ থেকে ৩১ অক্টোবর ২০২৬)

২৯/৯/২০২৬
মো: ওয়ালুল হক
সহকারী সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাজী জেসিন
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

পটভূমি : শিল্প-সংস্কৃতিতে সমৃদ্ধ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, বিকাশ এবং দেশ-বিদেশে তা যথাযথভাবে তুলে ধরার লক্ষ্যে ১৯৭৬ সালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশ টেলিভিশনে একটি অত্যন্ত পর্যায়ের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা শুরু করার নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে [illegible] গোলাম মোস্তফা রচিত বিখ্যাত কবিতা 'কিশোর'-এর পঙ্‌ক্তি "আমরা নতুন, আমরা কুঁড়ি [illegible]" কে সূচনা সংগীত হিসেবে গ্রহণ করে বাংলাদেশ টেলিভিশনে যাত্রা শুরু করে শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণের ঐতিহ্যবাহী অনুষ্ঠান **'নতুন কুঁড়ি'**। উপমহাদেশে প্রতিভা অন্বেষণভিত্তিক প্রথম টেলিভিশন বিনোদন শো হিসেবে 'নতুন কুঁড়ি' শুরু থেকেই ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। নতুন প্রজন্মের পাশাপাশি [illegible] অত্যন্ত জনপ্রিয় একটি অনুষ্ঠান হিসেবে পরিচিতি লাভ করে। এ প্রতিযোগিতার মাধ্যমে [illegible] অসংখ্য প্রতিভাবান শিল্পী উঠে আসার সুযোগ পায় এবং পরবর্তীকালে তাঁদের অনেকে [illegible] সংস্কৃতিকর্মী ও গণমাধ্যম ব্যক্তিত্ব হিসেবে খ্যাতি অর্জন করেন। তবে অজ্ঞাত কারণে [illegible] থাকে। দীর্ঘ বিরতির পর ২০২৫ সালে **'নতুন কুঁড়ি-২০২৫'** পুনরায় আয়োজন করা হয়। [illegible] এবং শিশু-কিশোর ও অভিভাবকদের মধ্যে নতুন উদ্দীপনা ও প্রাণচাঞ্চল্যের সৃষ্টি হয়। বাংলাদেশ টেলিভিশনের সূচনালগ্ন থেকে 'নতুন কুঁড়ি' যে ঐতিহ্য, দর্শকপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা [illegible] দেশের সাংস্কৃতিক অঙ্গনে বহু গুণী শিল্পী তৈরি হয়েছে, তা বিবেচনায় নিয়ে [illegible] প্রতিভা অন্বেষণ, বিকাশ এবং সাংস্কৃতিক চর্চার প্রসারের লক্ষ্যে অরিজিনাল থিম সংসহ প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী 'নতুন কুঁড়ি-২০২৬' শুরু করা যেতে পারে।

১.০ প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ (১৮ টি বিষয়):

১.১ অভিনয় বিভাগ

১. অভিনয় ২. আবৃত্তি ৩. গল্প বলা ৪. উপস্থিত বক্তৃতা

১.২ নৃত্য বিভাগ

১. নৃত্য (সাধারণ/মিশ্র) ২. লোকনৃত্য ৩. উচ্চাঙ্গ নৃত্য
৪. দলীয় নৃত্য (সর্বোচ্চ ০৫ জন সদস্য)

১.৩ সংগীত বিভাগ

১. ছড়াগান (শুধু 'ক'শাখার জন্য) ২. দেশাত্মবোধক গান ৩. আধুনিক গান
৪. নজরুল সংগীত ৫. নজরুল সংগীত (দলীয়) ৬. রবীন্দ্র সংগীত
৭. লোকসংগীত ৮. যন্ত্রসংগীত

১.৪ ১. হামদ-নাত ২. ক্বিরাত

*** দলীয় অংশগ্রহণ: সর্বনিম্ন ০৩ থেকে সর্বোচ্চ ০৫ জন প্রযোতিযোগী।

২.০ প্রতিযোগিতার শাখাসমূহ (বয়সভিত্তিক) :

২.১ ক শাখা:

বয়সসীমা: আবেদনের সর্বশেষ তারিখে প্রতিযোগীর বয়স ৬ (ছয়) বছর থেকে ১১ (এগারো) বছরের নিম্নে এই [illegible] (ছেলে ও মেয়ে উভয়)।

২.২ খ শাখা:

বয়সসীমা: আবেদনের সর্বশেষ তারিখে প্রতিযোগীর বয়স ১১ (এগারো) বছর থেকে ১৫ (পনেরো) বছর এই [illegible] (ছেলে ও মেয়ে উভয়)।

৩.০ ক্বিরাত প্রতিযোগিতা:

৩.১ ক্বিরাত প্রতিযোগিতা একটি শাখায় অনুষ্ঠিত হবে যেখানে অংশগ্রহণকারীদের বয়সসীমা ১২ [illegible] বছর পর্যন্ত নির্ধারিত থাকবে।

৩.২ ক্বিরাত প্রতিযোগিতা বিভাগীয় ও ফাইনাল-এই ০২ (দুই) পর্বে অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে [illegible] ফাইনাল পর্ব বিটিভি, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বিভাগীয় ও ঢাকা [illegible] ক্বিরাত প্রতিযোগিতা অনুষ্ঠান সম্পন্ন করবে। ইসলামিক [illegible] থেকে বিচারক তালিকা সংগ্রহ করা হবে।

৩.৩ ক্বিরাত প্রতিযোগিতার ফাইনাল পর্ব ভিডিও ধারণপূর্বক অনুষ্ঠান নির্মাণ করে রমজান মাসে প্রচার [illegible] পর্বের পুরস্কার বিতরণীর সাথেই সম্পন্ন হবে।

৪.০ আবেদনের সময়সীমা :

[illegible] নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে করা হবে-

(ক) অনলাইনে আবেদন:

০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে ৩১ অক্টোবর ২০২৬ তারিখ রাত ১২:০০টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

(খ) ডাক, কুরিয়ার ও বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) গেইটের মাধ্যমে আবেদন:

ডাক, কুরিয়ার অথবা বিটিভি গেইটে সরাসরি আবেদনপত্র জমাদানের শেষ সময় ৩১ অক্টোবর ২০২৬ তারিখ বিকেল ৫:০০টা।

মো: ওয়ালুল হক
সহকারী সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাজী জেসিন
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

২৭৭

(গ) আবেদন গ্রহণ সংক্রান্ত শর্ত :

৩১ অক্টোবর ২০২৬ তারিখ বিকেল ৫:০০ টার পর বিটিভি গেইটে সরাসরি জমাকৃত অথবা গেইটে স্থাপিত ডাকবাক্সে প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫.০ আবেদন ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া

৫.১ অনলাইন আবেদন:

অনলাইন আবেদন গ্রহণের জন্য জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র নতুন কুঁড়ি ২০২৬ এর অনুরূপ একটি ওয়েব পেজ 'নতুন কুঁড়ি' ২০২৬ ডেভেলপ করবেন।

৫.২ অনলাইন আবেদন পদ্ধতি

অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীরা বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd- এবং www.notunkuri.gov.bd এ প্রবেশ করে প্রদত্ত অনলাইন আবেদন অপশনে ক্লিক করে আবেদনপত্র সতর্কতার সাথে পূরণ করবেন। আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর ছবি, জন্মনিবন্ধন সনদ এবং পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র (NID)-এর স্ক্যানকপি আপলোড করে বিনামূল্যে আবেদন দাখিল করতে পারবে।

৫.৩ অফলাইন আবেদন (ডাক/কুরিয়ার)

আবেদনকারীরা বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd- এবং www.notunkuri.gov.bd থেকে নির্ধারিত আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে আবেদনকারীর ছবি, জন্মনিবন্ধন সনদ এবং পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করে রেজিস্ট্রি ডাক বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নতুন কুঁড়ি, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ বরাবর নির্ধারিত সময়সীমার মধ্যে পূরণ করতে পারবে।

৫.৪ অফলাইন আবেদন (গেইটের নির্ধারিত বক্সে জমা)

অফলাইন আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তপূর্বক খামের বাম পাশে আবেদনকারীর পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করে আবেদনপত্র নতুন কুঁড়ি সেল, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯' ঠিকানায় গেইট রাখা নির্ধারিত বক্সে জমা দেওয়া যাবে।

৫.৫ অনলাইন আবেদনকারীদের রেজিস্ট্রেশন কার্ড

অনলাইন আবেদনকারীগণ সফলভাবে আবেদন দাখিলের পর অনলাইন আবেদন পেইজে 'রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড' অপশনে গিয়ে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করবে।

৫.৬ অফলাইন আবেদনকারীদের রেজিস্ট্রেশন কার্ড

অফলাইন আবেদনকারী আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার ০৭ (সাত) দিন পর নতুন কুঁড়ি'র ওয়েবসাইট www.notunkuri.gov.bd -এ প্রবেশ করে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড অপশনে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবে।

৫.৭ অডিশনের তারিখ ও বাইচিকলা

বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd এবং সকল আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে [illegible] অডিশনের তারিখ, সময় ও স্থান জানিয়ে দেওয়া হবে।

৫.৮ স্পট রেজিস্ট্রেশন

নির্ধারিত সময়ের মধ্যে ডাক বা কুরিয়ার যোগে আবেদন প্রেরণ করা সত্ত্বেও অফিসিয়াল কোন কারণে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদনপত্র বিটিভিতে না পৌছালে কিংবা কোন ত্রুটির কারণে কারও নাম ওয়েবসাইটে প্রকাশিত [illegible] আবেদন প্রেরণের প্রমাণ ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করে স্পট রেজিস্ট্রেশনের [illegible] অডিশনে অংশগ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে অডিশন ব্যবস্থাপনা কমিটি তাৎক্ষণিকভাবে [illegible] সেলের সঙ্গে যোগাযোগ করে ডাটাবেইসে তথ্য অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করবেন এবং [illegible] প্রতিযোগীর অডিশন গ্রহণ করবেন।

৫.৯ আবেদনের সর্বোচ্চ সীমা

প্রত্যেক আবেদনকারী অনলাইন অথবা অফলাইন যেকোনো একটি পদ্ধতিতে সর্বোচ্চ ০৩টি একক বিষয়ে কিংবা দলীয়সহ সর্বোচ্চ ০৪টি বিষয়ে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

৫.১০ সতর্কতার সাথে আবেদন ফরম পূরণ

আবেদনকারীগণ পিতা, মাতা অথবা অভিভাবকের সহযোগিতায় ওয়েবসাইটে প্রকাশিত 'নতুন কুঁড়ি ২০২৬' এর আবেদন নির্দেশিকা যথাযথ অনুসরণ করে আবেদনপত্র পূরণ করবেন। আবেদন দাখিল বা প্রেরণের পর সকল তথ্যের সঠিকতা যাচাই করতে হবে। আবেদন সাবমিট বা প্রেরণের পর কোনো তথ্য সংশোধনের সুযোগ থাকবে না।

কাজী জেসিন
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

মো: ওয়াহেদুল হক
সহকারী সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫.১১ অডিশনে অভিভাবকের উপস্থিতি

ক) অডিশনে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিযোগী সর্বোচ্চ ০১ (এক) জন অভিভাবককে সঙ্গে আনতে পারবে।

খ) 'নতুন কুঁড়ি ২০২৬'-এর ফাইনাল পর্ব এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিটিভি, ঢাকা কেন্দ্র হতে হবে। ঢাকা কেন্দ্র, রামপুরায় অনুষ্ঠেয় উক্ত দুই পর্বে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিযোগী এবং তার সঙ্গে আগত ০১ (এক) জন অনুগামী/সঙ্গী বিধি অনুযায়ী ভাতা প্রাপ্য হবেন।

৬.০ প্রতিযোগিতার পর্বভিত্তিক সময়সূচি ও ভেন্যু (অনিবার্যকারণে সময়সূচি ও ভেন্যু পরিবর্তনযোগ্য)

৬.১ আঞ্চলিক (প্রাথমিক) বাছাই পর্ব

মোট ১৮ (আঠারো) টি অঞ্চলে আঞ্চলিক (প্রাথমিক) বাছাই অনুষ্ঠিত হবে। অঞ্চলভিত্তিক ভেন্যু নিম্নরূপ:

ক্র. নং	অঞ্চলের নাম	অন্তর্ভুক্ত জেলা/এলাকা	ভেন্যু
০১	ঢাকা-১	ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
০২	ঢাকা-২	ঢাকা জেলার সকল উপজেলা এবং মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলা	বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
০৩	ঢাকা-৩	ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর জেলা	ফরিদপুর শিল্পকলা একাডেমি
০৪	ঢাকা-৪	গাজীপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ ও কিশোরগঞ্জ জেলা	গাজীপুর শিল্পকলা একাডেমি
০৫	ময়মনসিংহ	ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা ও জামালপুর জেলা	ময়মনসিংহ শিল্পকলা একাডেমি
০৬	রাজশাহী-১	রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা জেলা	রাজশাহী শিল্পকলা একাডেমি
০৭	রাজশাহী-২	বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা	বগুড়া শিল্পকলা একাডেমি
০৮	রংপুর-১	রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা জেলা	রংপুর শিল্পকলা একাডেমি
০৯	রংপুর-২	ঠাকুরগাঁও, পঞ্চগড় ও দিনাজপুর জেলা	ঠাকুরগাঁও শিল্পকলা একাডেমি
১০	চট্টগ্রাম-১	চট্টগ্রাম ও কক্সবাজার জেলা	চট্টগ্রাম শিল্পকলা একাডেমি
১১	চট্টগ্রাম-২	রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা	পার্বত্য জেলা উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১২	চট্টগ্রাম-৩	কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনিস্টিটিউট, কুমিল্লা
১৩	চট্টগ্রাম-৪	নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী জেলা	নোয়াখালী শিল্পকলা একাডেমি
১৪	সিলেট	সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা	সিলেট শিল্পকলা একাডেমি
১৫	খুলনা-১	খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা	খুলনা শিল্পকলা একাডেমি
১৬	খুলনা-২	যশোর, মাগুরা, নড়াইল ও ঝিনাইদহ জেলা	যশোর শিল্পকলা একাডেমি
১৭	খুলনা-৩	কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলা	কুষ্টিয়া শিল্পকলা একাডেমি
১৮	বরিশাল	বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা জেলা	বরিশাল শিল্পকলা একাডেমি

৬.২ বিভাগীয় বাছাই পর্ব

আঞ্চলিক (প্রাথমিক) বাছাই পর্বে 'Yes Card'- প্রাপ্ত প্রতিযোগীদের অংশগ্রহণে বিভাগীয় বাছাই পর্ব অনুষ্ঠিত হবে। বিভাগভিত্তিক ভেন্যু ও সময়সূচি নিম্নরূপ :

(ক) ঢাকা বিভাগ:

ঢাকা-১ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা জেলার সকল উপজেলা এবং নারায়ণগঞ্জ জেলা।

ঢাকা-২ : গাজীপুর, নরসিংদী, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, শরীয়তপুর জেলা।

ভেন্যু : বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।

(ঢাকা-১ ও ঢাকা-২ গ্রুপের জন্য পৃথক অডিশন টিম দায়িত্ব পালন করবে।)

তারিখ: ১৫ জানুয়ারি থেকে ২২ জানুয়ারি ২০২৭

(খ) ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগ:

ভেন্যু : বিভাগীয় জেলার শিল্পকলা একাডেমি।

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৭ থেকে ২২ জানুয়ারি ২০২৭

মোঃ ওয়াসুল হক
সহকারী সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাজী জেসমিন
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

(গ) **চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ :**
ভেন্যু : সংশ্লিষ্ট বিভাগীয় জেলার শিল্পকলা একাডেমি
তারিখ: ২৫ জানুয়ারি ২০২৭ থেকে ০১ ফেব্রুয়ারি ২০২৭

৬.৩ **জাতীয় বাছাই (১ম রাউন্ড) : ১৫ মার্চ ২০২৭ হতে ২৫ মার্চ ২০২৭ পর্যন্ত**
ভেন্যু: বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।

৬.৪ **জাতীয় বাছাই (২য় রাউন্ড) : ১০ এপ্রিল ২০২৭ হতে ২০ এপ্রিল ২০২৭ পর্যন্ত**
ভেন্যু: বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।

৬.৫ **সেরা দশ : ০২ মে ২০২৭ হতে ১৩ মে ২০২৭ পর্যন্ত**
ভেন্যু: বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।

৬.৬ **গ্র্যান্ড ফিনালে : ২২ মে ২০২৭ থেকে ০২ জুন ২০২৭ পর্যন্ত**
ভেন্যু: বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।

৭.০) বাছাই প্রক্রিয়া:

(৭.১) আঞ্চলিক বাছাই:

ক. দেশের ৬৪টি জেলাকে ১৮টি অঞ্চলে বিভক্ত করে ১৮টি স্টুডিও'র মাধ্যমে প্রাথমিক বাছাই কার্যক্রম সম্পন্ন হবে। এ কার্যক্রম ০২ (দুই) ধাপে অনুষ্ঠিত হবে, যথা—
১.**প্রথম ধাপ :** ১৭ ডিসেম্বর ২০২৬ থেকে ২৪ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত; এবং
২.**দ্বিতীয় ধাপ :** ৩০ ডিসেম্বর ২০২৬ থেকে ০৫ জানুয়ারি ২০২৭ পর্যন্ত।

খ. বিচারকমন্ডলী সর্বোচ্চ নিরপেক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে অংশগ্রহণকারীদের মূল্যায়ন করবেন এবং অধিকতর যোগ্যতার ভিত্তিতে বিচারকমন্ডলী "Yes Card" প্রদান করবে। "Yes Card" এ বিচারকমন্ডলীর সদস্য, অডিশন কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিব কর্তৃক স্বাক্ষর থাকবে।

গ. "Yes Card" প্রাপ্ত প্রতিযোগীগণ বিভাগীয় বাছাই পর্বে অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

ঘ. প্রতিযোগীদের 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতার সকল পর্বে অংশগ্রহণের সময় "Yes Card" অবশ্যই সঙ্গে রাখতে হবে এবং কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রদর্শন করতে হবে।

(৭.২) বিভাগীয় বাছাই:

ক. দেশের ০৮ (আট) টি বিভাগে গঠিত ০৮ (আট)টি বিভাগীয় অডিশন কমিটির মাধ্যমে বিভাগীয় বাছাই কার্যক্রম সম্পন্ন করা হবে। এ কার্যক্রম ০২ (দুই) ধাপে অনুষ্ঠিত হবে, যথা—
১.**প্রথম ধাপ : ঢাকা, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী**
১৫ জানুয়ারি ২০২৭ থেকে ২২ জানুয়ারি ২০২৭ পর্যন্ত; এবং
২.**দ্বিতীয় ধাপ : চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট**
২৫ জানুয়ারি ২০২৭ থেকে ০১ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত।

খ. বিভাগীয় বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে ০৮ (আট)টি বিভাগের প্রত্যেক শাখা ও বিষয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত **০৩ (তিন) জন প্রতিযোগি বা ০৩ (তিন) টি দল** জাতীয় বাছাই (১ম রাউন্ড)-এ অংশগ্রহণ করবে।

৭.৩) জাতীয় বাছাই:

ক. জাতীয় বাছাই (১ম রাউন্ড) : বিভাগীয় বাছাইয়ে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগীগণ [illegible] ২০২৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বাছাই (১ম রাউন্ড)-এ অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্য থেকে নির্ধারিত বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতিটি শাখা ও বিষয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১৫ (পনেরো) জন/দল জাতীয় বাছাই (২য় রাউন্ড)-এ অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

খ. জাতীয় বাছাই (২য় রাউন্ড) : জাতীয় বাছাই (ফার্স্ট রাউন্ড)-এ সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১৫ (পনেরো) জন/দল [illegible] ২০ এপ্রিল ২০২৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বাছাই (২য় রাউন্ড)-এ অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্য থেকে নির্ধারিত বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতিটি শাখা ও বিষয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১০ (দশ) জন/দল [illegible] অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

৭.৪) সেরা দশ : জাতীয় বাছাই (২য় রাউন্ড)-এ সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১০ (দশ) জন/দল ০২ মে ২০২৭ থেকে ১৩ মে ২০২৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিতব্য সেরা দশ পর্বে অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্য থেকে নির্ধারিত বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতিটি শাখা ও বিষয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০৫ (পাঁচ) জন/দল **গ্র্যান্ড ফিনাল-এ** অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

৭.৫) গ্র্যান্ড ফিনাল : সেরা দশ থেকে উত্তীর্ণ প্রতি বিষয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত সেরা ০৫ (পাঁচ) জন/দল [illegible] ০২ জুন ২০২৭ পর্যন্ত ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিতব্য গ্র্যান্ড ফিনাল-এ অংশগ্রহণ করবে। প্রতিটি শাখা ও বিষয়ের একক ও দলীয় প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন, প্রথম রানার-আপ (দ্বিতীয় স্থান) এবং দ্বিতীয় রানার-আপ (তৃতীয় স্থান) নির্ধারিত হবে।

মো: ওয়ালুল হক
সহকারী সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাজী জেসিন
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন